



১৭ নভেম্বর ২০২৩

বিশেষ বিজ্ঞপ্তি

মালয়েশিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন গত ১৫ নভেম্বর ২০২৩ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচীর তফসিল ঘোষণা করেছে। উক্ত সময়সূচীর আলোকে আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদ অনুসারে জাতীয় সংসদ নির্বাচনে বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকদের ডাকযোগে পোস্টাল ব্যালটের মাধ্যমে তাদের নিজ নিজ নির্বাচনী এলাকায় ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

আগ্রহী নাগরিকগণকে ভোটদানের জন্য নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী সময়সূচির তফসিল ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদনের মাধ্যমে “নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮” এর ১১ থেকে ১৫ নং বিধি অনুসরণ করে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। নির্বাচন কমিশনের ওয়েবসাইটের “নির্বাচনী আইন” ট্যাবে “নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮” টি পাওয়া যাবে।

এ বিষয়ে বিস্তারিত জানতে “নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮” এর লিংক এবং প্রয়োজনীয় তথ্যাদি এতদসঙ্গে যুক্ত করা হলোঃ

“নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮” এর লিংকঃ

<http://www.ecs.gov.bd/bec/public/files/1/%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%9A%E0%A6%A8%20%E0%A6%AA%E0%A6%B0%E0%A6%BF%E0%A6%9A%E0%A6%BE%E0%A6%B2%E0%A6%A8%E0%A6%BE%20%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A7%E0%A6%BF%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%B2%E0%A6%BE,%20%E0%A7%A8%E0%A7%A6%E0%A7%A6%E0%A7%AE.pdf>

